গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বরাষ্ট্র মন্ত্রণালয়
সুরক্ষা সেবা বিভাগ
পরি-২ শাখা

**সুরক্ষা সেবা বিভাগের আওতাভুক্ত কারা অধিদপ্তর কর্তৃক বাস্তবায়নাধীন "জামালপুর জেলা কারাগার পুনঃনির্মাণ" শীর্ষক প্রকল্পের ১৪তম প্রজেক্ট স্টিয়ারিং কমিটির (পিএসসি) ১৩তম সভার কার্যবিবরণী:**

| | |
|---|---|
| সভাপতি | নাসিমুল গনি<br>সিনিয়র সচিব, স্বরাষ্ট্র মন্ত্রণালয় |
| সভার তারিখ | ২৫/০৬/২০২৫ |
| সভার সময় | বেলা ১২.৩০ টা |
| স্থান | স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের সম্মেলন কক্ষ (কক্ষ নং-২০৮, ভবন-০৮, ৩য় তলা) |
| উপস্থিতি | পরিশিষ্ট 'ক' |

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। তিনি আলোচ্যসূচি অনুযায়ী উপস্থাপনের জন্য অতিরিক্ত সচিব (উন্নয়ন) কে অনুরোধ করেন।

২। অতিরিক্ত সচিব (উন্নয়ন) জানান, ২০/০৩/২০২৫ তারিখে অনুষ্ঠিত ১৪ তম পিএসসি সভার কার্যবিবরণী ডি-নথিতে সংশ্লিষ্ট সদস্যগণের নিকট প্রেরণ করা হয়েছে। উক্ত কার্যবিবরণীতে কোন পরিবর্তন/পরিমার্জন/সংশোধন না থাকায় কার্যবিবরণী দৃঢ়ীকরণ করা যেতে পারে। কার্যবিবরণীতে কোন প্রকার সংশোধনী না থাকায় সর্বসম্মতিক্রমে তা দৃঢ়ীকরণ করা হলো।

৩। প্রকল্প পরিচালক জানান, জুলাই ২০২০ হতে জুন ২০২৫ মেয়াদে ২১০.০৩ কোটি টাকা প্রাক্কলিত ব্যয়ে প্রকল্পটি বাস্তবায়িত হচ্ছে। এ প্রকল্পের মে ২০২৫ পর্যন্ত ক্রমপুঞ্জিত ব্যয় হয়েছে ২৪.৬১ কোটি টাকা। প্রকল্পের ক্রমপুঞ্জিত আর্থিক অগ্রগতি ১১.৭২% এবং ভৌত অগ্রগতি ২০%। চলতি অর্থবছরে এ প্রকল্পের সংশোধিত এডিপি বরাদ্দ ৫.০০ কোটি টাকা। অবমুক্তকৃত অর্থ ১.৫০ কোটি টাকা, যা বরাদ্দকৃত অর্থের ৩০%। মে ২০২৫ পর্যন্ত ব্যয় হয়েছে ১.৩৩ কোটি টাকা, যা বরাদ্দকৃত অর্থের ২৫.৬০%।

৪। প্রকল্প পরিচালক প্রকল্পের কাজের অগ্রগতি সম্পর্কে বলেন, প্যাকেজ-১ এ ২৬টি অংগের মধ্যে ৩টি অংগের ৮৫% কাজ সম্পন্ন হওয়ার পর ঠিকাদার চুক্তি বাতিল করা হয়েছে। ঠিকাদারের সাথে চুক্তি বাতিল হওয়ায় দর সিডিউল ২০২২ অনুযায়ী প্রাক্কলন করে পুন:রায় দরপত্র আহ্বান করে মূল্যায়ন প্রতিবেদন চুড়ান্ত অনুমোদনের পর গত ০৪-০৬-২০২৫ তারিখে নির্মাণ কাজের NOA (Notification Award) প্রদান করা হয়েছে।

তিনি আরো জানান, প্যাকেজ-২ এ ২৭টি অংগের মধ্যে ৬টি অংগের ৮৫% কাজ সম্পন্ন হওয়ার পর ঠিকাদার চুক্তি বাতিল করা হয়েছে। ঠিকাদারের সাথে চুক্তি বাতিল হওয়ায় দর সিডিউল ২০২২ অনুযায়ী প্রাক্কলন করে দরপত্র আহ্বান করা হয়েছে, মূল্যায়ন প্রতিবেদন চুড়ান্ত অনুমোদনের কাজ গণপূর্ত মন্ত্রণালয়ে প্রক্রিয়াধীন রয়েছে। এছাড়াও তিনি জানান, চলতি ২০২৪-২৫ অর্থবছরে সংশোধিত এডিপি'র বরাদ্দ ৩.৬০ কোটি টাকা ব্যয় করা সম্ভব হবে না।

৫। কারা মহাপরিদর্শক সভায় জানান, কারাগারের প্রকল্প বাস্তবায়ন কার্যক্রম অত্যন্ত মন্থর। কোনো প্রকল্পই ১০ থেকে ১২ বছরের আগে সম্পন্ন করা সম্ভব হচ্ছে না। গণপূর্ত অধিদপ্তরের আরো কার্যকরী পদক্ষেপ গ্রহণের ওপর গুরুত্বারোপ করেন।

গণপূর্ত অধিদপ্তরের তত্ত্বাবধায়ক প্রকৌশলী জানান, গণপূর্ত অধিদপ্তর থেকে দরপত্র আহ্বান করে কার্যাদেশ দেওয়ার পর পরিলক্ষিত হয় যে, সাইট এখনো খালি হয়নি। কারাগারের নির্মাণকাজ যেহেতু পুরাতন ভবন অপসারণ করে

নির্মাণকাজ শুরু করতে বিলম্ব হয়। এক্ষেত্রে প্রকল্প গ্রহণের সময় Master Plan এ কিভাবে সমন্বয় করা হবে তা উল্লেখপূর্বক এবং ভবন অপসারণের সুনির্দিষ্ট পরিকল্পনা সুবিন্যস্ত করে ডিপিপি প্রণয়ন করা প্রয়োজন।

অতিরিক্ত সচিব (উন্নয়ন) সভায় জানান, প্রকল্পের মেয়াদ বৃদ্ধিসহ সংশোধিত ডিপিপি পরিকল্পনা কমিশনের ভৌত অবকাঠামো বিভাগে অনুমোদনের অপেক্ষায় রয়েছে।

৬। **সভায় বিস্তারিত আলোচনা শেষে সর্বসম্মতিক্রমে নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহীত হয়:**

(৬.১) প্রকল্পের মেয়াদ বৃদ্ধিসহ সংশোধিত ডিপিপি দ্রুত অনুমোদনের নিমিত্ত ভৌত অবকাঠামো বিভাগ, পরিকল্পনা কমিশনে যোগাযোগ অব্যাহত রাখতে হবে;
(৬.২) প্যাকেজ-২ দ্রুত অনুমোদনসহ NOA প্রদানের প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করতে হবে;
(৬.৩) প্রকল্পের তথ্যাদি e-Pmis সফটওয়্যারে এন্ট্রি প্রদানে দ্রুত প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করতে হবে;
(৬.৪) আগামী ২০২৫-২৬ অর্থবছরের বার্ষিক ক্রয় পরিকল্পনা (APP) ও সময়াবদ্ধ কর্মপরিকল্পনা (Time Bound Work Plan) ১৫ জুলাই ২০২৫ তারিখের মধ্যে সুরক্ষা সেবা বিভাগে প্রেরণ করতে হবে;
(৬.৫) প্রকল্পের আর্থিক এবং ভৌত অগ্রগতির লক্ষ্যমাত্রা অর্জনের ব্যত্যয়সমূহ প্রতিবেদন আকারে সুরক্ষা সেবা বিভাগকে অবহিত করতে হবে।

৭। সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

৩০/৬/২৫

নাসিমুল গনি
সিনিয়র সচিব

স্মারক নম্বর: ৫৮.০০.০০০০.০৯৩.১৪.০০২.২৪. ৫৭
-

তারিখ: ৩০/০৬/২০২৫

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১) অতিরিক্ত সচিব, (প্রশাসন ও অর্থ) , সুরক্ষা সেবা বিভাগ ;
২) অতিরিক্ত সচিব, উন্নয়ন অনুবিভাগ, সুরক্ষা সেবা বিভাগ;
৩) কারা অতিরিক্ত মহাপরিদর্শক, কারা অধিদপ্তর;
৪) যুগ্মসচিব (পরিকল্পনা অধিশাখা), সুরক্ষা সেবা বিভাগ;
৫) তত্ত্বাবধায়ক স্থপতি, স্থাপত্য অধিদপ্তর, সেগুন বাগিচা, ঢাকা:
৬) তত্ত্বাবধায়ক প্রকৌশলী, তত্ত্বাবধায় প্রকৌশলী (উন্নয়ন), গণপূর্ত অধিদপ্তর
৭) প্রকল্প পরিচালক, "জামালপুর জেলা কারাগার পুন:নির্মাণ" শীর্ষক প্রকল্প, কারা অধিদপ্তর, ঢাকা
৮) সিনিয়র সচিবের একান্ত সচিব, সিনিয়র সচিবের দপ্তর, স্বরাষ্ট্র মন্ত্রণালয়;
৯) সহকারী সচিব, পরিকল্পনা-২ শাখা, সুরক্ষা সেবা বিভাগ
১০) সহকারী কারা পরিদর্শক, উন্নয়ন, কারা অধিদপ্তর, ঢাকা

৩০/০৬/২০২৫

মোঃ শহীদ আতাহার হোসেন
উপসচিব